দৈনিক সংবাদ

তারিখ 10 MAY 1992
পৃষ্ঠা ৭ কলাম ৭

97

### বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা

# সাতক্ষীরায় লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সাড়ে ৬ হাজার ছাত্র-ছাত্রী বই পায়নি

॥ মিজানুর রহমান ॥

সাতক্ষীরা, ৯ই মে।— বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী চালু হবার ৪ মাস পরও সাতক্ষীরায় এই কর্মসূচীর লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। সাড়ে ছয় হাজার ছাত্রছাত্রীর হাতে এখনো বই পৌছেনি। স্কুলে ভর্তির সুযোগ পায়নি প্রায় ৪ হাজার শিশু-কিশোর।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে সাতক্ষীরা সদর উপজেলায় স্কুলগমন উপযোগী শিশু-কিশোরের সংখ্যা ৫৭ হাজার ৭শ' ৪৮ জন। সংশ্লিষ্ট সূত্র অনুযায়ী এর মধ্যে বালক ৩০ হাজার ৩শ' ২ জন এবং বালিকা ২৭ হাজার ৪শ' ৪৬ জন। ১৬ই এপ্রিল পর্যন্ত এর মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে ৫৩ হাজার ৯শ' ৫৩ জন শিশু-কিশোর। বাকী ৩ হাজার ৭শ' ৯৫ জন শিশু-কিশোর বিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়নি।

পাশাপাশি শিক্ষা বর্ষের ৪ মাস পরও সদর উপজেলায় সাড়ে ৬ হাজার ছাত্র-ছাত্রীর হাতে বিনা মূল্যের সরবরাহ করা সরকারী বই পৌছেনি। এর মধ্যে ২য় শ্রেণীর ১২শ', ৪র্থ শ্রেণীর ৭শ' ও ৫ম শ্রেণীর ৭শ' ছাত্র-ছাত্রী বই পায়নি। অন্যদিকে শুধুমাত্র মুসলিম ছাত্র-ছাত্রীদের জন্য ইসলাম ধর্ম বই সংকট রয়েছে ৩ হাজার ৯শ' ৭৮টি। এর মধ্যে ৩য় শ্রেণীর ১৬শ' ৮৫, ৪র্থ শ্রেণীর ১৩শ' ৬৮ এবং ৫ম শ্রেণীর ৯শ' ২৫ খানা বইয়ের সরবরাহ মেলেনি। সর্বশেষ ৩রা ফেব্রুয়ারি এ বিষয়ে বইয়ের চাহিদা উর্ধ্বতন বিভাগে জানানো হলেও এ পর্যন্ত বইয়ের কোন সরবরাহ মেলেনি।

বই পায়নি এমন স্কুলে আগত নতুন ছাত্র-ছাত্রীরা পড়েছে বিপাকে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে নতুন ছাত্র-ছাত্রীরা স্কুলে ভর্তি হলেও বইয়ের অভাবে তাদের মধ্যে দেখা দিয়েছে অনীহা। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অগ্রগতির রিপোর্ট শতকরা ৯২ ভাগ। অথচ শুধুমাত্র সদরেই ২৬শ' সেট বই পায়নি ২৬শ' ছাত্রছাত্রী। অন্যদিকে ৩ হাজার ৯শ' ৭৮টি ধর্ম বই মেলেনি উল্লিখিত ছাত্র-ছাত্রীদের।